

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৮৬

তারিখ: ২ কার্তিক ১৪২৯

১৮ অক্টোবর ২০২২

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজে যাচাইকৃত ও বাদ পড়া ভোক্তার তালিকা প্রেরণ।

সূত্র: (ক) খাদ্য মন্ত্রণালয়ের ১১/১০/২০২২ তারিখের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.৩৯৫

(খ) খাদ্য অধিদপ্তরের ১৩/১০/২০২২ তারিখের কারিগরি কমিটির সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সারাদেশে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডিজিটাল ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম ১৭/১০/২০২২ তারিখে সমাপ্ত হয়। যাচাই কার্যক্রম শেষে প্রতিটি বিভাগের মোট আপলোডকৃত ভোক্তা, যাচাইকৃত ভোক্তা, বাদ পড়া ভোক্তার সংখ্যা এবং সেপ্টেম্বর/২২ মাসের উত্তোলিত চাল ও বিক্রয়কৃত চালের পরিমাণ নির্ধারিত নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ২০/১০/২০২২ তারিখের মধ্যে প্রদান করতে হবেঃ

বিভাগঃ

ক্রমিক নং	জেলা	মোট ভোক্তা সংখ্যা	আপলোডকৃত ভোক্তা সংখ্যা	যাচাইকৃত ভোক্তা সংখ্যা	বাদ পড়া ভোক্তা সংখ্যা (ক্যাটাগরির নামসহ)	সেপ্টেম্বর/২২ মাসে চাল বিতরণকৃত মোট ভোক্তা	সেপ্টেম্বর/২২ মাসে মোট উত্তোলন (মে.টন)	সেপ্টেম্বর/২২ মাসে মোট বিতরণ (মে.টন)	মন্তব্য

উল্লেখ্য, যাচাই কার্যক্রম সমাপ্তির পর বাদ পড়া ভোক্তার স্থলে ইউনিয়নের প্রাপ্যতা অনুযায়ী উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে নতুন ভোক্তা অন্তর্ভুক্ত করা যাবে যা ১৮/১০/২০২২ হতে ৩১/১০/২০২২ তারিখ পর্যন্ত চলমান থাকবে। নতুন ভোক্তা তালিকা চূড়ান্ত হবার পর জেলা খাদ্য নিয়ন্ত্রকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তালিকাটি সিস্টেমে আপলোডের ব্যবস্থা করবেন এবং ইউডিসি উদ্যোক্তাদের মাধ্যমে যাচাই করে ডাটাবেজে অন্তর্ভুক্ত করার ব্যবস্থা গ্রহণ করবেন। নতুন ভোক্তাগণ যাচাই সাপেক্ষে নভেম্বর/২২ মাসের খাদ্যশস্য উত্তোলন করতে পারবেন।

এছাড়া, ডিজিটাল ডাটাবেজের সফটওয়্যারে খাদ্যবান্ধব কর্মসূচির ৩০/০৪/২০২২ তারিখের তালিকা আপলোডের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও কোন কোন ইউনিয়নে উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদন ব্যতীত ভোক্তা সিস্টেমে আপলোড করা হয়ে থাকলে এসকল ভোক্তা চিহ্নিতকরত উপজেলা খাদ্যবান্ধব কমিটির নিকট সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : সভার কার্যবিবরণী সংযুক্তি ।



১৮-১০-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫০.৩২.০০১.২১.৮৬/১(৬৭)

তারিখ: ২ কার্তিক ১৪২৯

১৮ অক্টোবর ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

১৮-১০-২০২২

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা

উপপরিচালক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

মাগুরা

[www.food.magura.gov.bd](http://www.food.magura.gov.bd)

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.৫৫০০.০০১.৪৫.০০২.২২.৯৯৭

তারিখ: ৩ কার্তিক ১৪২৯

১৯ অক্টোবর ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৯-১০-২০২২

মনোতোষ কুমার মজুমদার

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

স্মারক নম্বর: ১৩.০১.৫৫০০.০০১.৪৫.০০২.২২.৯৯৭/১

তারিখ: ৩ কার্তিক ১৪২৯

১৯ অক্টোবর ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
- ২) উপজেলা চেয়ারম্যান, মাগুরা সদর, মাগুরা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর, মাগুরা।
- ৪) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/মাগুরা সদর/মহম্মদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা।
- ৫) খাদ্য পরিদর্শক, মাগুরা সদর/মহম্মদপুর/বিনোদপুর/শালিখা/শ্রীপুর, মাগুরা।
- ৬) খাদ্যবান্ধব ডিলার....., মাগুরা।
- ৭) অফিস, কপি



১৯-১০-২০২২

মনোতোষ কুমার মজুমদার  
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)